

উইকি/স্ট্রিকাইটে	
আপনোত্তর ব্যবস্থা নিন	
সেটান প্রকৌশলী	
উপ-সেটান প্রকৌশলী	
সরকারী মোবাইল প্রকৌশলী	
মোটর ইঞ্জিনিয়ার	

(Handwritten signature)

(Handwritten signature)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd



তারিখ: ৩১/৩/১৪২৮
৩০/০৭/২০২১

স্মারক : ১৫.৫৩.০০০০.০১২.৩২.১৫৩.২১.৯৯০

বিষয় : বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ গোলাম ফারুক-এর ০১(এক) বৎসর
অবসরোত্তর ছুটিসহ ১৮(আঠারো) মাসের লাম্পগ্রান্ট মঞ্জুরি প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ গোলাম ফারুক-এর জন্ম তারিখ ২০-০৮-১৯৬২ খ্রিঃ। সে হিসাবে আগামী ১৯-০৮-২০২১ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বৎসর পূর্ণ হবে। বিধায় তিনি ০১(এক) বৎসর অবসরোত্তর ছুটিসহ ১৮(আঠারো) মাসের ছুটির পরিবর্তে লাম্পগ্রান্ট মঞ্জুরি চেয়ে সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বরাবর আবেদন করেছেন (কপি সংযুক্ত)। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসের কার্যালয়, তথ্য মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার সনদপত্র অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার ছুটির হিসেবে ০২(দুই)বছর ০৭(সাত)মাস ০১(এক)দিন পূর্ণগড় বেতনে এবং ০২(দুই)বছর ০৮(আট)মাস ১৫(পনেরো) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি পাওনা আছে (কপি সংযুক্ত)। এমতাবস্থায়, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩ (১) (ক) ধারা মোতাবেক বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ গোলাম ফারুক-কে ১৯-০৮-২০২১ খ্রিঃ তারিখ হতে অবসর প্রদান করতঃ ২০-০৮-২০২১ খ্রিঃ তারিখ হতে ১৯-০৮-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি মঞ্জুরির জন্য আবেদন করেছেন।

২। জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০(২)(খ) উপ-অনুচ্ছেদ মোতাবেক বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ গোলাম ফারুক-এর অনুকূলে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী তাঁর মূল বেতন = ৩৭,২৮০/- (সাইত্রিশ হাজার দুইশত আশি) টাকা (কপি সংযুক্ত)। সে অনুযায়ী তাঁর ১৮(আঠারো) মাসের ছুটির পরিবর্তে মূল বেতনের সমপরিমাণ অর্থ (৩৭,২৮০ × ১৮) = ৬,৭১,০৮০/- (ছয় লক্ষ একাত্তর হাজার চল্লিশ) টাকা লাম্পগ্রান্ট মঞ্জুরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি এতদসংগে প্রেরণ করা হলো :

১।	মূল আবেদন পত্র -	:	১(এক) কপি
২।	অনলাইন কর্তৃক মূলবেতনের বেতন বিবরণী পত্রের সত্যায়িত কপি -	:	১(এক) কপি
৩।	ছুটি প্রাপ্যতার সনদপত্রের মূল কপি -	:	১(এক) কপি
৪।	বিভাগীয় মামলা ও কোর্ট কেইস নেই মর্মে প্রত্যয়ন পত্র -	:	১(এক) কপি
৫।	সরকারী চাকরিতে প্রথম নিয়োগ ও শেষ পদোন্নতির সত্যায়িত কপি -	:	১(এক) কপি
৬।	এস.এস.সি সনদপত্রের সত্যায়িত কপি -	:	১(এক) কপি
৭।	জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি -	:	১(এক) কপি

সংযুক্ত : ০৭(সাত) ফর্দ।

(Handwritten signature)

আহম্মদ কামরুজ্জামান
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
টেলিফোন : ৪৪৮১৩০৬২

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।